

২০১৯

বাংলা

এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পর্ব - ১

(সংস্কৃত সাহিত্যানুশীলন)

মহাকবি কালিদাসের কাব্য ও নাটক (নির্বাচিত)

- ১। ‘মেঘদূত’ কাব্যে ব্যক্তিগত বেদনা কিভাবে প্রকৃতির উদাত্তলোকে পৌঁছেছে তা কাব্য অনুসরণে বুঝিয়ে দাও।

অথবা

‘শিপ্রাবাত; প্রিয়ত মৈব প্রার্থনা চাটুকার:।’— (পৃ. মে. ৩২)
— প্রসঙ্গসহ উক্তিটির তাৎপর্য বিশদ করো। ১৫

- ২। ‘সমগ্র মেঘদূত যেন একটি চিত্রশালা’— ‘উত্তরমেঘ’ প্রসঙ্গে কথটির সত্যতা যাচাই করো।

অথবা

‘বিত্তেশানাং ন চ খলু বয়ো যৌবনাদন্যদন্তি।’ (উ. মে. ৪)
—প্রসঙ্গ উল্লেখসহ উক্তিটির ভাবার্থ পরিস্ফুট করো। ১৫

[পরের পাতায়]

৩। ‘অভিজ্ঞানশকুন্তলম’-এর সাতটি অঙ্কের মধ্যে চতুর্থ অঙ্কটিকে কেন শ্রেষ্ঠ বলা হয় তা যুক্তি ও দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

অথবা

‘বৎসে! অ বৈমতি তস্যাং সোদরযা স্নেহম।’—উক্তিটি কার? কোন্ প্রসঙ্গে তিনি একথা বলেছিলেন? বক্তার চরিত্র গৌরবের পরিচয় লিপিবদ্ধ করো। ১৫

পর্ব - ২ ও ৩

(নন্দনতত্ত্ব - ভারতীয় ও পাশ্চাত্য)

৪। ‘সাহিত্যের পথে’ প্রবন্ধ গ্রন্থে ‘সাহিত্যের সত্য’— কেন্দ্রিক রবীন্দ্রভাবনার মূল্যায়ন করো।

অথবা

অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘বাগেশ্বরী শিল্পপ্রবন্ধাবলী’ অনুসরণে ‘সৌন্দর্যের সন্ধান’ প্রবন্ধের মূল বক্তব্য উপস্থাপন করো। ১৫

৫। মনীষী অ্যারিস্টটল ‘পোয়েটিকস্’ গ্রন্থে ট্র্যাজেডির যে সংজ্ঞা দিয়েছেন তা লিখে ট্র্যাজেডিকে কেন ষড়ঙ্গ শিল্প বলা হয় তা বুঝিয়ে দাও। ৫+১০=১৫

অথবা

গ্রন্থের নন্দনভাবনায় ইনটুইশন বা স্বজ্ঞার গুরুত্ব বিশ্লেষণ করো। ১৫

৬। ‘কাব্যের আত্মা’ বলতে শ্রীঅরবিন্দ কী বুঝিয়েছেন? এই প্রসঙ্গে জাতীয় জীবনের সঙ্গে কাব্যের সম্পর্ক বুঝিয়ে দাও।

অথবা

‘ইল্যুশন অ্যান্ড রিয়ালিটি’ গ্রন্থে আধুনিক কবিতার বৈশিষ্ট্য সম্পর্কে ক্রিস্টোফার কডওয়েলের বক্তব্য আলোচনা করো। ১৫